Prog (ICT)
Shy 16/03/2022

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
টোল ও এক্সেল শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.১৯.০৯৯.০০২.২১-১১৪

তারিখ: ২ চৈত্র ১৪২৮
১৬ মার্চ ২০২২

# অফিস আদেশ

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে সচিব ও উইং প্রধানসহ সকল কর্মকর্তার দৈনিক কর্মসূচি (Daily Program) প্রস্তুত করা হয়ে থাকে। সচিব মহোদয়ের দৈনিক কর্মসূচি (Daily Program) এ বিভাগের ওয়েবসাইটে দেয়া হলেও অন্যান্য কর্মকর্তাগণের দৈনিক কর্মসূচি ম্যানুয়ালী প্রস্তুত করা হয়ে থাকে। ম্যানুয়ালী প্রস্তুতের ফলে সকলের দৈনিক কর্মসূচি একত্রে জানা সম্ভব হয় না। তাছাড়া কর্মসূচি পরিবর্তনের ক্ষেত্রে বার বার আপডেট করাসহ বিবিধ জটিলতার উদ্ভব হয়। এ সকল সমস্যা সমাধানকল্পে একটি সফটওয়্যার তৈরী করা হয়েছে। সফটওয়্যার তৈরীর ফলে সচিব মহোদয় ও উইং প্রধানসহ সকল কর্মকর্তার দৈনিক কর্মসূচি সংশ্লিষ্ট সকলেই প্রস্তুত করাসহ ওয়েবসাইটে দেখতে পারবেন। এছাড়া বিভিন্ন সভায় প্রতিনিধি হিসেবে কর্মকর্তা নির্বাচনের ক্ষেত্রে তিনি অন্য কোনো সভায় অন্তর্ভূক্ত আছেন কিনা সেটি অবগত হওয়ার সুযোগ রয়েছে। এতে সভাসমূহে কর্মকর্তাবৃন্দের কার্যকরী অংশগ্রহণ সুনিশ্চিত করা সম্ভব হবে। এছাড়া কোন সভায় কোন কর্মকর্তা প্রতিনিধি হিসেবে যাচ্ছেন তাও সুনির্দিষ্টভাবে জানা যাবে। এ সকল বিষয় সহজ করার লক্ষ্যে 'ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা'র আওতায় "স্মার্ট মিটিং শিডিউলার" নামে একটি সফটওয়্যার তৈরী করা হয়েছে। ইতোমধ্যে সফটওয়্যারটির লিঙ্ক এ বিভাগের ওয়েবসাইটে (www.rthd.gov.bd.com/database/স্মার্ট মিটিং সিডিউলার) স্থাপন করা হয়েছে।

২। এমতাবস্থায়, "স্মার্ট মিটিং শিডিউলার" সফটওয়্যারটির মাধ্যমে কর্মকর্তাগণের দৈনিক কর্মসূচি (Daily Progrm) এবং বিভিন্ন সভায় কর্মকর্তাগণের কার্যকরী অংশগ্রহণ সুনিশ্চিতকরণের লক্ষ্যে উপরোক্ত লিঙ্ক ব্যবহারের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Fahmida ১৬/৩/22
(ফাহমিদা হক খান)
উপসচিব (টোল ও এক্সেল)
ও
সদস্য সচিব, ইনোভেশন টীম
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ফোন: ২২৩৩৮৫৩২৩

বিতরণ:

০১. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা
০২. অতিরিক্তি সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
০৩. চেয়ারম্যান, বিআরটিএ, বনানী, ঢাকা
০৪. চেয়ারম্যান, বিআরটিসি, মতিঝিল, ঢাকা
০৫. নির্বাহী পরিচালক, ডিটিসিএ, নগর ভবন, ঢাকা
০৬. ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা
০৭. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি কোম্পানি লিমিটেড, উত্তরা, ঢাকা
০৮. যুগ্মসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৯. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
১০. সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১১ উপসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১২. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ {ওয়েবসাইটে উদ্ভাবন বক্সে (উদ্ভাবনী উদ্যোগ) প্রকাশের অনুরোধসহ}
১৩. সিস্টেম এনালিষ্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৪. সিনিয়র প্রোগ্রামার/ প্রোগ্রামার, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৫. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৬. মেইনট্যানান্স ইঞ্জিনিয়ার/ সহকারী মেইনট্যানান্স ইঞ্জিনিয়ার, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৭. সহকারী সচিব/ হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৮. ব্যক্তিগত কর্মকর্তা/প্রশাসনিক কর্মকর্তা (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৯. অফিস কপি

Scanned with CamScanner